দৈনিক সংবাদ

তারিখ ...05 FEB 1994...
পৃষ্ঠা ৫ কলাম ৮

62

# বান্দরবানে শিক্ষা কর্মকর্তার ৯টি পদ শূন্য

বান্দরবান, ৪ঠা ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– বান্দরবানে থানা শিক্ষা কর্মকর্তার ৫টি পদ এবং সহকারী শিক্ষা কর্মকর্তার ৪টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। ফলে প্রাথমিক বিদ্যালয় সমূহের পরিদর্শন কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর শূন্যপদে কর্মকর্তা নিয়োগের জন্য বহুবার লেখালেখি করেছে, কিন্তু কোন কাজ হয়নি।

শিক্ষা বিভাগ জানায়, বান্দরবান সদর, লামা থানা ছাড়া অপর ৫টি থানাতে দীর্ঘদিন ধরে থানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য। থানাগুলো হচ্ছে রুমা, রোয়াংছড়ি, আলীকদম, থানচি ও নাইক্ষ্যংছড়ি।

সহকারী থানা শিক্ষা কর্মকর্তার ৪টি পদও শূন্য। ৫টি থানার সহকারী থানা শিক্ষা কর্মকর্তারাই বর্তমানে ভারপ্রাপ্ত থানা শিক্ষা কর্মকর্তার যাবতীয় কাজ সম্পাদন করছেন। এতে সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিদর্শনকাজ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ফলে বহু বিদ্যালয়ে নিয়মিত ক্লাস হয় না। শিশু-কিশোর, ছেলে-মেয়েদের শিক্ষা গ্রহণে দারুণভাবে বিঘ্ন ঘটছে।